



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

২৪১৪৬



স্মারক নং-বামাশিবো/প্রশাসন/গাইবান্ধা-৯০/ ২০১৭/৪

তারিখঃ ২১.০১.২০১৯খ্রিঃ

বিষয়ঃ রিট পিটিশন নং- ৬১৬৪/২০১৮ দায়ের এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ মোতাবেক Annexure-C নিষ্পত্তি প্রসঙ্গে।

সূত্রঃ নং-বামাশিবো/প্রশাসন/১০১৬/৪/গাইবান্ধা-৯০; তারিখঃ ২৭.১১.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলাধীন গৃধারীপুর দ্বি-মুখী দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ আবু জাফর সিদ্দিক তাকে চাকুরী হতে অবৈধভাবে সাময়িক বরখাস্ত করার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য গত ০৪/০৪/২০১৮খ্রিঃ তারিখে অত্র বোর্ডে আবেদন দাখিল করেন।

পরবর্তীতে দীর্ঘদিন যাবৎ সাময়িক বরখাস্ত থাকাকালীন মহামান্য হাইকোর্টের আদেশ ও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র অনুসারে ৬০ (ষাট) দিনের মধ্যে বরখাস্তের বিষয়টি নিষ্পত্তি না করায় এবং বেতন-ভাতাদি প্রদান না করায় ০৪/০৪/২০১৮খ্রিঃ তারিখের আবেদনের বিষয় উল্লেখ করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং- ৬১৬৪/২০১৮ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক ৬০ (ষাট) দিনের মধ্যে জনাব মোঃ আবু জাফর সিদ্দিক এর ০৪/০৪/২০১৮খ্রিঃ তারিখের আবেদন নিষ্পত্তির জন্য বোর্ডকে দায়িত্ব দিয়ে আদেশ জারি করা হয়েছে।

মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়ন ও স্ট্র জটিলতা নিরসনকল্পে সকল পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণ করার জন্য ০৬/১২/২০১৮খ্রিঃ বোর্ডে উপস্থিত হওয়ার জন্য সভাপতি জনাব মোঃ আমিনুর রশিদ মন্ডল, সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ আবু জাফর সিদ্দিক এবং ভারপ্রাপ্ত সুপারকে সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে পক্ষগণ বোর্ডে উপস্থিত হন এবং স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিল করেন।

সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মোঃ আবু জাফর সিদ্দিক তার লিখিত বক্তব্যে বলেন যে, তাকে যথাসময়ে ম্যানেজিং কমিটি না করাসহ অন্যান্য অভিযোগের প্রেক্ষিতে ০৪/০৬/২০১৭খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয়। সাময়িক বরখাস্তের পূর্বে তাকে একবার কারণ দর্শানো হয়, কিন্তু মাদ্রাসা ছুটি থাকায় তিনি কোন জবাব দেননি। তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ মিথ্যা ও বানোয়াট। তাকে জুন-২০১৭ থেকে আগস্ট-২০১৭ মাসের অর্ধেক বেতন প্রদান করা হয় পরবর্তীতে সেপ্টেম্বর-২০১৭ মাস থেকে বেতন ভাতা বন্ধ করে দেয়া হয়েছে।

সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার তাদের লিখিত বক্তব্যে বলেন যে, বিধি মোতাবেক যথাসময়ে কমিটি গঠন না করা, অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন না করা, প্রতিষ্ঠানে উপস্থিত না হয়েও হাজিরা খাতায় স্বাক্ষর করা, প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাব রেজিস্টারে অন্তর্ভুক্ত না করা, অর্থ আত্মসাৎসহ বিভিন্ন অনিয়মের কারণে সুপার জনাব মোঃ আবু জাফর সিদ্দিককে সাময়িক বরখাস্ত করা হয়েছে। এছাড়া সুপার গত ০৪/০৬/২০১৭খ্রিঃ তারিখ থেকে অদ্য পর্যন্ত মাদ্রাসায় অনুপস্থিত রয়েছেন।

দাখিলকৃত কাগজপত্র, লিখিত ও মৌখিক বক্তব্য পর্যালোচনায় দেখা যায় যে, সুপার জনাব মোঃ আবু জাফর সিদ্দিক এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিষয়ে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপার শুনানীকালে কোন কাগজপত্র ও দলিলাদি প্রদর্শন করতে সক্ষম হননি। তদুপরি সাময়িক বরখাস্তের পর চূড়ান্ত বরখাস্তকরণের নিমিত্ত তদন্ত কমিটি গঠন, তদন্ত কমিটির সুপারিশের আলোকে কারণ দর্শানোসহ অন্যান্য যাবতীয় প্রক্রিয়াও সম্পন্ন না করে দীর্ঘদিন যাবৎ বিষয়টি নিয়ে সময় অতিবাহিত করা হয়েছে যা বিধি সম্মত নয়।

বর্ণিত অবস্থায় সুপার জনাব মোঃ আবু জাফর সিদ্দিক এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ যথাযথভাবে প্রমাণে ব্যর্থ হওয়ায় সাময়িক বরখাস্তের পর বিধি বিধান অনুসরণ না করায় সুপার জনাব মোঃ আবু জাফর সিদ্দিককে স্বপদে পুনর্বহাল করে বেতন-ভাতাদি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো এবং মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ মোতাবেক Annexure-C এতদ্বারা নিষ্পত্তি করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সভাপতি, গৃধারীপুর দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পলাশবাড়ী, গাইবান্ধা।  
২) ভারপ্রাপ্ত সুপার, গৃধারীপুর দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পলাশবাড়ী, গাইবান্ধা।

স্মারক নং-বামাশিবো/প্রশাসন/গাইবান্ধা-৯০/ ২০১৭/৪

তারিখঃ ২১.০১.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা।
৩. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা।
৪. জনাব মোঃ আবু জাফর সিদ্দিক, সুপার, গৃধারীপুর দ্বি-মুখী দাখিল মাদ্রাসা, পলাশবাড়ী, গাইবান্ধা।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪